গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
রংপুর।

# তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬(৩) ধারা অনুসারে

# (২.১.১) বার্ষিক প্রতিবেদন প্রকাশ

## # দপ্তর পরিচিতি:

রংপুর বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার শিল্প-সংস্কৃতি চর্চার অন্যতম কেন্দ্র বিন্দু রংপুর নগরীর প্রাণ কেন্দ্র 'পাবলিক লাইব্রেরি চত্বরে' অবস্থিত। ১৯৯০ সনে গ্রন্থাগারটি তিন তলা বিশিষ্ট নিজস্ব ভবনে স্থানান্তরিত হয়। এর আয়তন-১১,৮১১ বর্গফুট, পাঠ কক্ষের সংখ্যা-দুইটি। ভবনটি ১ম তলা সাধারণ পাঠকক্ষ ও অফিস কক্ষ, ২য় তলায় পত্র পত্রিকা পাঠকক্ষ ,শিশু কর্ণার এবং স্ট্যাক রুম । ৩য় তলায় সেমিনার কক্ষ ও ষ্ট্যাক রুম রয়েছে। গ্রন্থাগারটি গাছ-গাছালি পরিবেষ্টিত মনোরম ত্রিতল বিশিষ্ট ভবন। ১৩/০৫/১৯৯১ খ্রিষ্টাব্দে নিজস্ব এই ভবনে গ্রন্থাগারের কার্যক্রম শুরু হয়। জেলা গ্রন্থাগারটি, বিভাগীয় গণগ্রন্থাগার হিসাবে প্রতিস্থিত হয় ২১.০১.২০১৯ খ্রি. তারিখে।

## # উল্লেখযোগ্য কর্মকান্ড:

গ্রন্থাগারে উন্নতমানের ২টি প্রজেক্টর সংযোজন করা হয়েছে তদসঙ্গে স্বচ্ছ "অভিযোগ বক্স" সংযোজন। দাপ্তরিক কাজের জন্য ১টি কম্পিউটার ক্রয় করায় বর্তমানে সচল কম্পিউটারের সংখ্যা ৮টিতে উন্নীত হয়। গত অর্থবছরে প্রায় ১২০০ টি পুস্তক শ্রেণিকরণ করা হয়েছে। প্রায় ২৫,০০০ পুস্তক অনলাইনে গুগল ড্রাইভে এন্ট্রি করা হয়েছে। পাঠক সেবা, পুস্তক ধার সেবা প্রদান এবং রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে। বিভিন্ন জাতীয় দিবস গুলোতে সুচারুরুপে প্রতিযোগিতা সম্পন্ন করা হয়েছে। গ্রন্থাগারের টেবিল ও চেয়ার গুলো অফহোয়াট রং করা হয়েছে।বুক সেল্ফে চাকা লাগানো সহ দ্বিতীয় তলায় নতুন আঙ্গিকে "শিশু কর্ণার" চালু করা হয় ,সেখানে শিশুদের বই,বিভিন্ন খেলনা সামগ্রি,৫৫ইঞ্চি টিভি সহ শিশুদের অত্যাধুনিক চেয়ার-টেবিল সংযোজন করা হয়েছে ।

## # আইসিটি সংক্রান্ত তথ্য:

গ্রন্থাগারে আইসিটি সংক্রান্ত যন্ত্রপাতি সমৃদ্ধ করা হয়েছে। প্রেক্ষিতে ৮টি ডেস্কটপ, ১টি ল্যাপটপ, কালার প্রিন্টার ২টি ও সাদা-কালো প্রিন্টার ৩টি, ২টি ইনফরমেশন কিয়স্ক, ১৬টি সিসি ক্যামেরা ,২টি স্ক্যানার এবং ১০ এমবিপিএস ওয়াই-ফাই ব্যবস্থাসহ সোলার সিস্টেম সচল রয়েছে। গ্রন্থাগারের ওয়েব পোর্টালে এবং ই-নথি ব্যবস্থা হালনাগাদ রয়েছে। প্রতিনিয়ত ওয়েব পোর্টালে তথ্য আপলোড করা হয়। পাঠকক্ষের সকল পুস্তক-এর তথ্য অনলাইনে খুঁজে পাওয়ার জন্য ওয়েব পোর্টালে সেবাবক্সে গুগল ড্রাইফে লিংক দেওয়া আছে (প্রায় ২০,০০০ এর মতো পুস্তক )।

## #বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অর্জন:

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনির্মাণের লক্ষে রাষ্ট্রের সামগ্রিক জনগোষ্ঠীর নিবিড় প্রত্যাশা পূরণে নিজ সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ প্রয়াস নিয়োজিত করা রংপুর বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের মুখ্য কাজ। প্রধানত: আলোকবর্তিকাবাহী বই পাঠে সর্বসাধারণকে অবিরাম উদ্বুদ্ধ করা এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্যপ্রযুক্তি-সম্বলিত সেবা প্রদান করা এ প্রয়াসের অন্তর্ভুক্ত। বর্তমান বছরে (২২-২৩ )সদর দপ্তর থেকে ১০৬২ টি পুস্তক সংগ্রহ করে উক্ত পুস্তক পাঠক উপযোগী করে রিডিং হলে প্রেরণ করা হয়েছে । এ সময়ে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার রংপুর থেকে ৪৫,০০০ জন পাঠককে পাঠকসেবা এবং তথ্য ও রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে তৎসঙ্গে এ সময়ে জেলা প্রশাসক,রংপুর কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলা,ডিজিটাল মেলা,তথ্যমেলা,বইমেলাসহ বিভিন্ন অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণ করা হয়েছে । ক্রমান্বয়ে পাঠকসংখ্যা ও পাঠাভ্যাস বৃদ্ধি কার্যক্রম জোরদারকরণে উৎসাহ প্রদানের জন্য বিভিন্ন জাতীয় দিবস ভিত্তিক রচনা ,বইপাঠ, চিত্রাংকণ, গল্পবলা ,ছড়া ও কবিতা আবৃত্তির অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে । প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদেরকে বই এবং প্রশংসাব্যঞ্জক সনদ প্রদান করা হয়। শিশুকর্ণার,বেঙ্গাল আর্ট কর্ণার, বঙ্গবন্ধুকর্ণার এবং স্থানীয় লেখকদের লেখা বইয়ের একটি সমৃদ্ধ কর্ণারও আছে । বেসরকারী গণগ্রন্থাগার জরিপসহ ৬২ টি তালিকা ভূক্তিকরণ হয়েছে । ৫ ফেব্রয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস প্রতি বছর যথাযোগ্য মর্যাদায় আড়ম্বর পূর্ণভাবে পালন করা হয়। কম্পিউটার ও ইন্টারনেট সেবা সংযোজন, পাঠকদের জন্য ১০ এমবিপিএস এর ইন্টারনেট ও ওয়াই-ফাই সুবিধা বিগত সময়ের ন্যায় চলমান রয়েছে । গ্রন্থাগারের পাঠকক্ষের ২৫,০০০ বইযের তথ্য অনলাইনে ইনপুট দেওয়া হয়েছে পাশাপাশি উক্ত প্রক্রিয়া চলমান রয়েছে। যার ফলে পাঠকগণ তাৎক্ষণিকভাবে তথ্য খুজেঁ পাবেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এ পি এ) ২০২২-২০২৩ এর কৌশলগত উদ্দশ্য সমূহের কর্মসম্পাদন সূচক ১০০ মধ্যে ১০০ নম্বর অর্জিত হয়েছে।

# # কর্মকর্তা/কর্মচারী তথ্যাবলী:

| কর্মরত কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | মোবাইল নম্বর | ই-মেইল |
|---|---|---|
| **মোঃ আবেদ হোসেন**<br>সহকারী পরিচালক | ০১৮১৪১১৮১৬৪ | rangpurdgpl@gmail.com |
| আম্বিয়া বেগম<br>সহঃ লাইব্রেরিয়ান<br>(সংযুক্তিতে-ঠাকুরগাঁও) | ০১৮৫৫৮৩৩৮৬৭ | |
| মোঃ আব্দুর রউফ<br>রিডিং হল এ্যাসিসটেন্ট | ০১৭১৯৪৭১৬৬৯ | abdurrauf69@gmail.com |
| মো: লুলু মিয়া<br>রিডিং হল এ্যাসিসটেন্ট<br>(সংযুক্তিতে-পঞ্চগড়) | ০১৭২৩৮৮৪৭৫৫ | |
| মো: সুমন আহমেদ<br>কম্পিউটার অপারেটর | ০১৭৩৮৬৩৭৪৭২ | Sumonahmed7472@gmail.com |
| মোঃ আমিনুর রহমান<br>কেয়ার টেকার<br>(প্রেষনে নিয়োজিত) | ০১৯২৪৫২৫৮০৭ | aminurrahmapbl@gmail.com |
| মো: রকিবুল ইসলাম<br>লাইব্রেরি এসিসটেন্ট | ০১৭২৩২০৬৮৫১ | lmd.rokibull@gmail.com |
| **মোঃ আব্দুল বারেক-**<br>বুকসর্টার | ০১৭২৪৫০৯৯৮৪ | |
| মো: এফাজ আলী সরকার<br>বুক সর্টার (প্রেষনে কর্মরত) | ০১৭১৮০৪২৮১৫ | |
| মো: মোয়াজ্জেম হোসাইন | ০১৭২৩৪৩৮৩৩৭ | muazzam231993@gmail.com |
| মো: শাহাদাৎ হোসেন<br>অফিস সহায়ক | ০১৭২৮৩৩১৯২৬ | |
| মো: আমিনুল ইসলাম<br>নিরাপত্তা প্রহরী | ০১৭৪৪৪০৫৫১৩ | |
| মো: মোর্শেদুল ইসলাম<br>বাইন্ডার (সংযুক্ত-ঝিনাইদহ) | ০১৯৬১৬১২২৪৯ | Mdmorshadulislam1996@gmail.com |

# #নাগরিকগণের জন্য প্রদত্ত বিশেষ সেবা:

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | পাঠকসেবা | বই | সাধারণ পাঠকক্ষ নীচতলা | বিনামূল্যে | তাৎক্ষণিক | মো: আব্দুর রউফ, পাঠকক্ষ সহকারী<br>০১৭১৯৪৭১৬৬৯<br>abdurrauf69@gmail.com<br>এবং মো: রকিবুল ইসলাম, লাইব্রেরি এ্যাসিসটেন্ট<br>০১৭২৩২০৬৮৫১<br>lmd.rokibull@gmail.com |
| ২ | (ক) পত্র-পত্রিকা<br>(খ) রেফারেন্স সেবা<br>(গ) দৈনিক এবং সাপ্তাহিক বাধাঁইকৃত পত্রিকা | পত্র-পত্রিকা এবং সাময়িকী গ্রন্থাগারে সরবরাহের মাধ্যমে, রেফারেন্স সামগ্রী এবং বাধাঁইকৃত পত্রিকা সরবরাহের মাধ্যমে | পত্র-পত্রিকা পাঠকক্ষ দ্বিতীয় তলা | বিনামূল্যে | তাৎক্ষণিক | মো: সুমন আহমেদ<br>কম্পিউটার অপারেটর<br>বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর<br>০১৭৩৮৬৩৭৪৭২<br>Sumonahmed7472@gmail.com |
| ৩ | বই ধার সেবা (এককালীন | গ্রন্থাগারের সদস্যদের বই ধার ও জমা নেয়ার মাধ্যমে। | ১. সদস্য হওয়ার আবেদন ফরম | ১. সাধারন-সদস্য-জামানত-১০০০/- (ফেরত | ইস্যুর তারিখ থেকে ১৫ | মো: আব্দুর রউফ, পাঠকক্ষ সহকারী<br>০১৭১৯৪৭১৬৬৯<br>abdurrauf69@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পূরন করে দাখিল করলে পরবর্তী তিন কার্যদিবসের মধ্যে সদস্য করা হয়। | | ৫০০/-(ফেরত যোগ্য)<br>৩. শিশু-সদস্য জামানত-২০০/-(ফেরত যোগ্য)<br>৪. নবায়ন ফি-৫০/-(বাৎসরিক) | | lmd.rokibull@gmail.com |
| ৪ | জরিমানা | নির্ধারিত সময়ের মধ্যে বই ফেরত দিতে ব্যর্থ হলে সদস্যের নিকট থেকে প্রথম সপ্তাহে প্রতিদিনের জন্য বই প্রতি ৫.০০ টাকা হারে এবং দ্বিতীয় সপ্তাহ থেকে প্রতি দিনের জন্য ১০.০০ টাকা হারে জরিমানা আদায় করা হবে। | সাধারণ পাঠকক্ষ নীচতলা | নগদ টাকায় রশিদ গ্রহণের মাধ্যমে পরিশোদ করতে হবে। | তাৎক্ষণিক | মো: আব্দুর রউফ, পাঠকক্ষ সহকারী<br>০১৭১৯৪৭১৬৬৯<br>abdurrauf69@gmail.com<br>এবং মো: রকিবুল ইসলাম, লাইব্রেরি এ্যাসিসটেন্ট<br>০১৭২৩২০৬৮৫১<br>lmd.rokibull@gmail.com |
| ৫ | সদস্য পদ বাতিল | যদি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কোন সদস্য বই ফেরত দিতে ব্যর্থ হয় তাহলে তার জামানত বাজেয়াপ্ত করা এবং সদস্য পদ বাতিল করা হবে। | সাধারণ পাঠককক্ষ নীচতলা | উক্ত সদস্যের জামানতের টাকা ব্যাংক থেকে তুলে ট্রেজারী চালানে সরকারি কোষাগারে জমা করা হবে। | তাৎক্ষণিক | মো: আব্দুর রউফ, পাঠকক্ষ সহকারী<br>০১৭১৯৪৭১৬৬৯<br>abdurrauf69@gmail.com<br>এবং মো: রকিবুল ইসলাম, লাইব্রেরি এ্যাসিসটেন্ট<br>০১৭২৩২০৬৮৫১<br>lmd.rokibull@gmail.com |
| ৬ | ইন্টারনেট সেবা | ব্রিটিশ কাউন্সিল এর মাধ্যমে 10 mbps wifi সেবা প্রদান | সরাসরি<br>User Id:Public Library Pass word: open | বিনামূল্যে | তাৎক্ষণিক | মো: আমিনুর রহমান, কেয়ারটেকার।<br>০১৯২৪৫২৫৮০৭<br>aminurrahmapbl@gmail.com |
| ৭ | গ্রন্থাগার সম্পর্কিত তথ্যাদি প্রদান | পাবলিক লাইব্রেরির ওয়েব পোর্টাল ব্রাউজিং এর মাধ্যমে | https://publiclibrary.rangpur.gov.bd/ | বিনামূল্যে | তাৎক্ষণিক | মো: আব্দুর রউফ, পাঠকক্ষ সহকারী<br>০১৭১৯৪৭১৬৬৯<br>abdurrauf69@gmail.com<br>এবং মো: আমিনুর রহমান, কেয়ারটেকার।<br>০১৯২৪৫২৫৮০৭<br>aminurrahmapbl@gmail.com |
| ৮ | অনলাইনে পাঠক সেবা | www.publiclibrary.rangpur.gov.bd | আপনি উক্ত সাইটে প্রবেশ করলে বইয়ের তালিকা পাবেন। | বিনামূল্যে | তাৎক্ষণিক | মো: আমিনুর রহমান, কেয়ারটেকার<br>০১৯২৪৫২৫৮০৭<br>aminurrahmapbl@gmail.com |
| ৯ | সম্প্রসারণমূলক সেবা | রচনা, কবিতা আবৃত্তি, বই পাঠ, হাতের সুন্দর লেখা, চিত্রাঙ্কন প্রতিযোগিতার মাধ্যমে | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | বিনামূল্যে | বিজ্ঞপ্তি প্রচারের পর থেকে ০১ (এক) মাস | মো: আমিনুর রহমান, কেয়ারটেকার।<br>০১৯২৪৫২৫৮০৭<br>aminurrahmapbl@gmail.com |
| ১০ | বই পাঠ আগ্রহ সৃষ্টির জন্য পুস্তক প্রদর্শনী | বিদ্যমান ও নতুন বই সম্পর্কে নতুন নতুন তথ্য (New Arrival) বোর্ডের মাধ্যমে অবহিত করণ। | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | বিনামূল্যে | সর্বোচ্চ ১০ (দশ) দিন | মো: আব্দুর রউফ, পাঠকক্ষ সহকারী<br>০১৭১৯৪৭১৬৬৯<br>abdurrauf69@gmail.com |
| ১১ | ফটোকপি সেবা | পাঠকদের চাহিদা অনুযায়ী গ্রন্থাগারের জনবল দিয়ে পাঠসামগ্রী ফটোকপি করে দেয়া হয়। | বাহির থেকে | নির্ধারিত মূল্য পরিশোধ করে | তাৎক্ষণিক | মো: এফাজ আলী সরকার, বুকসর্টার<br>০১৭১৮০৪২৮১৫ |

মো: আবেদ হোসেন